



কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩
গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা।

Web: <http://pbs3.comilla.gov.bd>
ই-মেইলঃ comillapbs3@gmail.com

স্মারক নং-২৭.১২.১৯৩৬.৫৭২.০১.০৩৮.২৪-

৩৩০০

১৯ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ

তারিখঃ -----

০৩ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) পিকআপ গাড়ীর টায়ার সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি।

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক পিকআপ (ডাবল কেবিন) গাড়ী নং-কুমিল্লা-ঠ-১১-০১৪৫ এর “টায়ার” ক্রয়ের লক্ষে পবিস তহবিলের আওতায় নিম্নবর্ণিত বিবরণ ও স্পেসিফিকেশন মোতাবেক টায়ার ক্রয়ের নিমিত্তে প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	দরপত্র নং	মালামালের বিবরণ	পরিমাণ	একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
০১	৪৫/২০২৩-২৪	পিকআপ গাড়ীর টায়ার সাইজ- 245-70R-16 Tube less	০৫টি		
				মোট =	
মোট (কথায়ঃ					

শর্তাবলীঃ

- ০১। দরপত্র সমূহ সীল মোহরকৃত খামে আগামী ১০/০৩/২০২৪ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে (ক) কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা ও (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকায় রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে। একই দিন অর্থাৎ ১০/০৩/২০২৪ খ্রিঃ তারিখ স্ব-স্ব দপ্তরে দুপুর ১২:০৫ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০২। দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে “পিকআপ গাড়ীর টায়ার সরবরাহের দরপত্র” কথাটি লিখতে হবে।
- ০৩। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স এর কপি সংযুক্ত করতে হবে।
- ০৪। কার্যাদেশ অনুযায়ী নমুনা মোতাবেক মালামাল সরবরাহ করতে হবে। সরবরাহকৃত মালামাল সমিতির বিবরণ/নমুনা মোতাবেক না হলে সে ক্ষেত্রে আপনার নিজ খরচে ও নিজ দায়িত্বে ত্রুটিমুক্ত মালামাল সমিতিতে পুনঃসরবরাহ করতে হবে। কার্যাদেশ প্রদানের সময় বর্ণিত মালামালের পরিমাণ কম বা বেশী হতে পারে। এ ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ০৫। কার্যাদেশ ইস্যুর তারিখ হতে সর্বোচ্চ ০৭ (সাত) দিনের মধ্যে মালামাল নিজ খরচে ও নিজ দায়িত্বে সমিতিতে সরবরাহ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- ০৬। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্টস পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। ভ্যাট পরিশোধের চালান না দাখিল করিলে পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- ০৭। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে সমিতির সদর দপ্তর হতে প্রয়োজনীয় অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।
- ০৮। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মুহাম্মদ মুন্সির হোসাইন)
জেনারেল ম্যানেজার

অনুলিপি (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে বহল প্রচারের অনুরোধসহ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (নির্ধারিত তারিখে কোটেশন গ্রহণ ও উন্মুক্ত করনের জন্য অনুরোধ করা হল)।
- ০২। জেলা প্রশাসক, কুমিল্লা/ মুন্সীগঞ্জ/ ব্রাহ্মনবাড়িয়া।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা (উত্তর)।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার পবিস-১/২/৩/৪।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা / মুন্সীগঞ্জ/ ব্রাহ্মনবাড়িয়া।
- ০৬। ডিজিএম, দাউদকান্দি/হোমনা/গজারিয়া/বাঞ্ছারামপুর/কারিগরী, কুমিল্লা পবিস-৩।
- ০৭। সহকারী প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা (উত্তর)।
- ০৮। এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস/প্রশাসন), কুমিল্লা পবিস-৩।
- ০৯। স্টোর কীপার, কুমিল্লা পবিস-৩।
- ১০। মেসার্স -----
- ১১। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-৩।
- ১২। অফিস কপি/মাস্টার কপি।

(মুহাম্মদ মুন্সির হোসাইন)
জেনারেল ম্যানেজার